



রেজিস্ট্রার দপ্তর

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

ঢাকা-১১০০, বাংলাদেশ।

ফোনঃ ৯৫৩৪২৫৫, ০২-৯৫৭৩৮৭৯।

ফ্যাক্সঃ (+৮৮০-২)৭১১৩৭৫২

তারিখঃ ৩০/০৮/২০১৮

## বিজ্ঞপ্তি

**বিষয় :** ইউনিট-১ (বিজ্ঞান শাখা), ইউনিট-২ (মানবিক শাখা) এবং ইউনিট-৩ (বাণিজ্য শাখা) লিখিত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য প্রাথমিকভাবে বাছাইকৃত আবেদনকারীদের তালিকা প্রকাশ।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ০৪(চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষ ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রাথমিকভাবে বাছাইকৃতদের তালিকা প্রকাশ করা হল। **স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষ ভর্তি নির্দেশিকা শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯ এ বর্ণিত নির্দেশনা অনুযায়ী ভর্তি পরীক্ষার ফি বাবদ bKash অথবা SureCash অথবা Roclet মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আগামী ৩১/০৮/২০১৮ তারিখ বেলা ১২.০০ টা হতে ১৫/০৯/২০১৮ তারিখ রাত ১২.০০ টার মধ্যে ৫০৫/- টাকা জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পর পরবর্তী করণীয় :**

- (ক) টাকা জমা দেয়ার পর এসএসসি এবং এইচএসসি পরীক্ষার রোল নম্বর এবং JnU Admission System থেকে প্রদানকৃত Application ID Number ব্যবহার করে JnU Admission ওয়েবসাইটে (<http://admission.jnu.ac.bd> অথবা <http://admissionjnu.info>) login করতে হবে।
- (খ) login করার পরে আবেদনকারীর পাসপোর্ট সাইজের রঙিন ছবি (যার Background সাদা ৩০০x৩০০ পিক্সেল সর্বোচ্চ ১৫০ kb সাইজ, JPG ফরম্যাট) এবং স্বাক্ষর (৩০০x৮০ পিক্সেল) Upload করতে হবে।
- (গ) কোটায় ভর্তিচ্ছু আবেদনকারীর কোটাভুক্ত হওয়ার জন্য কোটা সংক্রান্ত নির্ধারিত তথ্য Upload করতে হবে, যেমন : মুক্তিযোদ্ধার সন্তান কোটা (FFQ)/ মুক্তিযোদ্ধার নাতি-নাতনি কোটা (FFG)/ পোষ্য(ওয়ার্ড) কোটা (WQ)/ উপজাতি কোটা (TQ)/ শারীরিক প্রতিবন্ধী কোটা (PDQ)/ খেলোয়াড় কোটা (BKSP) উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে আবেদন করার সময় কোটা উল্লেখ না করলে পরবর্তীতে কোটাভুক্তির আবেদন বিবেচনা করা হবে না।
- (ঘ) ফরমটি পূরণ করার পর পূরণকৃত ফরমে যে তথ্য দেয়া হয়েছে তা ভালভাবে চেক করতে হবে। মনে রাখতে হবে Final Submit Button-এ Click করার পর পূরণকৃত ফরমের কোন তথ্য পরিবর্তন করা যাবে না। চেক করার পর সকল তথ্য যথাযথ হলে Final Submit Button-এ Click করতে হবে।
- (ঙ) প্রবেশপত্র (Admit Card) প্রিন্ট করে নিজের কাছে সংরক্ষণ করতে হবে এবং পরীক্ষার দিন অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে এবং পরীক্ষার হলে প্রত্যবেক্ষক-কে প্রদর্শন করতে হবে। পরীক্ষার হলে প্রত্যবেক্ষক প্রবেশপত্রে স্বাক্ষর করবেন যা ভর্তির পরবর্তী কার্যক্রমের জন্য সংরক্ষণ করতে হবে।

বিস্তারিত তথ্যের জন্য স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষ ভর্তি নির্দেশিকা শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯ এ বর্ণিত নির্দেশনা বিশ্ববিদ্যালয় ওয়েব সাইটে দেয়া আছে।

**[বি.দ্র. ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের সার্বিক ভর্তি প্রক্রিয়া সুষ্ঠু ও নিখুঁতভাবে সম্পাদনের জন্য ভর্তি নির্দেশিকাটি অত্যন্ত মনোযোগ সহকারে পড়া অত্যাবশ্যিক]**

উপাচার্য মহোদয়ের আদেশক্রমে

(প্রকৌঃ মোঃ ওহিদুজ্জামান)

রেজিস্ট্রার